



বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে চালু হলো গুগল ওয়ালেট, যাত্রা শুরু করল ‘গুগল পে’



সংগৃহীত ছবি

বাংলাদেশে প্রথমবারের মতো আনুষ্ঠানিকভাবে চালু হলো গুগলের ডিজিটাল লেনদেন সেবা ‘গুগল ওয়ালেট’, যা অধিক পরিচিত ‘গুগল পে’ নামে। আজ মঙ্গলবার (২৪ জুন) রাজধানীর একটি অভিজাত হোটেলে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর এই সেবার উদ্বোধন করেন।

সেবা চালু করেছে সিটি ব্যাংক পিএলসি, গুগল, মাস্টারকার্ড এবং ভিসার যৌথ সহযোগিতায়। এখন থেকে সিটি ব্যাংকের গ্রাহকেরা তাদের মাস্টারকার্ড বা ভিসা কার্ড গুগল ওয়ালেটে যুক্ত করে মোবাইলের মাধ্যমে দ্রুত ও নিরাপদে লেনদেন সম্পন্ন করতে পারবেন।

এই সেবার মাধ্যমে গ্রাহকেরা এনএফসি (নিয়ার ফিল্ড কমিউনিকেশন) সুবিধাসম্পন্ন পস (POS) টার্মিনালে কেবলমাত্র তাদের অ্যান্ড্রয়েড ফোন স্পর্শ করেই কেনাকাটা, টিকিট বুকিং কিংবা যেকোনো লেনদেন সহজেই করতে পারবেন।

গ্রাহকের তথ্য সুরক্ষার জন্য এতে ব্যবহৃত হয়েছে উন্নত এনক্রিপশন প্রযুক্তি। ফলে প্লাস্টিক কার্ড বহনের ঝামেলা ছাড়াই মোবাইল ফোনই হয়ে উঠবে একক ডিজিটাল ওয়ালেট। গুগল পে ব্যবহারে আকাশপথে যাতায়াত থেকে শুরু করে সাধারণ বাজার-সদাই, সিনেমা দেখা—সবকিছুতেই মোবাইলের মাধ্যমে ঝামেলাবিহীন লেনদেন সম্ভব হবে।

স্মার্ট বাংলাদেশ গড়ার পথে এটি এক উল্লেখযোগ্য পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে।